# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
**প্রকিউরমেন্ট বিভাগ**

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

অফিস ফোন ঃ ৯৫৬৯৪৯১
e-mail ঃ dgmcsd@krishibank.org.bd


প্রশাসন/প্রকিউর/আগ্নেয়াস্ত্র-৪(১৭)/২০১৭-২০১৮/ ৫৯১৮-(৯২৫০)

তারিখ ঃ ০৩-০১-২০১৮

**অতীব জরুরী**
**তাগিদ-২**

সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ অনুসরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে আপনাদের বরাবরে প্রেরিত অত্র বিভাগের ১১-০১-২০১৭ ও ২৯-১১-২০১৭ তারিখের পত্র নং যথাক্রমে ৪৭২ ও ৪৭৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রে চাহিত তথ্য সঠিকভাবে না পাওয়ায় আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নীতিমালা-২০১৬ এর ১৯(ঙ) ও ২১(ক) অনুচ্ছেদ এর নির্দেশনা নিম্নে হুবহু পুণঃমুদ্রণ করা হলো ঃ

১৯. ডুপ্লিকেট লাইসেন্স প্রদান/ লাইসেন্স বাতিল/পরিবর্তন সংক্রান্ত ঃ

(ঙ) ঃ আগ্নেয়াস্ত্র নষ্ট এবং মেরামত অযোগ্য হলে লাইসেন্সধারী তার আগ্নেয়াস্ত্রটি লাইসেন্স ইস্যুকারী সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা দিবেন। লাইসেন্স ইস্যুকারী জেলা ম্যাজিস্ট্রেট একই সঙ্গে আগ্নেয়াস্ত্রটির লাইসেন্স বাতিল করে আগ্নেয়াস্ত্রটি বাজেয়াপ্ত করবেন।

২১. অকেজো ও মেরামত অযোগ্য আগ্নেয়াস্ত্রের বিষয়ে কার্যক্রম ঃ

(ক) ঃ আগ্নেয়াস্ত্র অকেজো ও মেরামত অযোগ্য হলে লাইসেন্সধারী তার আগ্নেয়াস্ত্রটি লাইসেন্স ইস্যুকারী সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা দিবেন।

০৩। উপরোক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক কার্যালয়/শাখায় দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত আগ্নেয়াস্ত্রগুলো সংশ্লিষ্ট **জেলা ম্যাজিস্ট্রেট কার্যালয়ে জমাপ্রদান করে তার তথ্যবিবরণী** নিম্নোক্ত ছকে জরুরী ভিত্তিতে মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য পুণরায় অনুরোধ করা হলো ঃ

| ক্রঃ নং | অঞ্চল/ শাখার নাম | আগ্নেয়াস্ত্রের ধরন | আগ্নেয়াস্ত্রেরসংখ্যা | | জেলা ম্যাজিস্ট্রেট কার্যালয়ে জমা প্রদানকৃত নষ্ট ও অকেজো আগ্নেয়াস্ত্রের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | সচল | অকেজো | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| | | শর্টগান<br>বন্দুক<br>DBBL<br>SBBL | | | | |

আপনার বিশ্বস্ত
৩/১/১৮
(আবু জাফর হাওলাদার)
সহকারী মহাব্যবস্থাপক

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।।
০৪। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। **(পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে বিভাগকে অনুরোধ করা হলো)।**
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক। স্ব স্ব মুখ্য অঞ্চল/অঞ্চলাধীন শাখা ও নিরীক্ষা কার্যালয় থেকে নির্ধারিত ছকে তথ্য সংগ্রহ করে নিজ কার্যালয়ের তথ্যসহ চাহিত বিবরণী আগামী ১৫-০১-২০১৮ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। নথি/মহানথি।

E:\NAHAR\Comm.S-3\kashem.doc